


# পরীক্ষায় প্রাপ্য নম্বরই পেয়েছে শিক্ষার্থীরা: শিক্ষা উপদেষ্টা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৮:৩৭, ১৬ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

চলতি বছরের এইচএসসি পরীক্ষার ফলাফলকে শিক্ষার্থীদের প্রাপ্য নম্বরের ‘প্রকৃত প্রতিফলন’ বলে মন্তব্য করেছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি আর আবরার।

বৃহস্পতিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে তিনি জানান, এবার পাশের হার ও জিপিএ-৫ কম আসায় যে অস্বস্তি সৃষ্টি হয়েছে, তার কারণ হলো দীর্ঘদিন ধরে প্রাথমিক স্তর থেকে জমা হওয়া শিক্ষার মূল ঘাটতি। তিনি বলেন, এতদিন ‘ভালো’ ফলাফল দেখানোর সংস্কৃতিতে সংখ্যাই সত্য হয়ে উঠতো, কিন্তু এখন সেই সংস্কৃতির পরিবর্তন ঘটিয়ে ‘অতিরিক্ত নম্বর দিয়ে সন্তুষ্টি’র বদলে ‘ন্যায় নম্বর দিয়ে সততা’কে বেছে নেওয়া হয়েছে।

উপদেষ্টা ড. আবরার বলেন, এখন থেকে ছাত্রছাত্রীরা খাতায় যা লিখবে, তার ভিত্তিতেই প্রকৃত নম্বর দেওয়া হবে এবং সকল শিক্ষা বোর্ডকে নির্দেশ দেওয়া হয়েছে মূল্যায়নে সর্বোচ্চ ন্যায্যতা ও বাস্তবতার প্রতিফলন নিশ্চিত করতে। তিনি ভালো ফল করা শিক্ষার্থীদের অভিনন্দন জানানোর পাশাপাশি প্রত্যাশা পূরণ না হওয়া শিক্ষার্থীদের প্রতি সহানুভূতি প্রকাশ করেন এবং জানান যে, শিক্ষা মন্ত্রণালয় মূল ঘাটতি চিহ্নিত করতে বিশেষজ্ঞ প্যানেল গঠন করেছে এবং আগামী সপ্তাহে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও নীতিনির্ধারকদের নিয়ে জাতীয় শিক্ষা পরামর্শ সভা আহ্বান করা হয়েছে।

এছাড়াও, শিক্ষক সংগঠনগুলোর শতাংশভিত্তিক বাড়ি ভাড়া ২০ শতাংশ বৃদ্ধির দাবির বিপরীতে সরকারের আর্থিক বাস্তবতা অনুযায়ী ৫ শতাংশ বৃদ্ধি (ন্যূনতম ২,০০০ টাকা) বর্তমানে আলোচনাধীন রয়েছে এবং নতুন বেতন কমিশনের সুপারিশে আগামী বছর আরও সম্মানজনক কাঠামো আসবে বলে তিনি আশা প্রকাশ করেন।

